গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধান উপদেষ্টার কার্যালয়
প্লট-ই-১৩/বি আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৩৯.২১- ১৩৫৬ তারিখঃ ০৩ অক্টোবর ২০২৪

বিষয়ঃ 'সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)' নামীয় সংস্থার বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে জরুরী ত্রাণ (এফডি-৭) শীর্ষক কার্যক্রম পরিচালনার অনুমোদনসহ অর্থ গ্রহণ ও ব্যয়ের অনুমতি।

সূত্রঃ সংস্থার ৩০/০৯/২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সংস্থার আবেদনের পরিপ্রেক্ষিতে কক্সবাজার জেলার উখিয়া উপজেলায় বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের মধ্যে "Bridge to Hope" শীর্ষক জরুরী ত্রাণ কর্মসূচী (এফডি-৭) ০১/১০/২০২৪ হতে ৩০/০৯/২০২৫ পর্যন্ত বাস্তবায়নের জন্য নিম্নোক্ত শর্তে= ৯,৭২,০৮,০০০/-(নয় কোটি বাহাত্তর লক্ষ আট হাজার) টাকা অনুমোদনসহ দাতা সংস্থার নিকট হতে উক্ত টাকার ৮০% অর্থ অর্থাৎ ৭,৭৭,৬৬,৪০০/-(সাত কোটি সাতাত্তর লক্ষ ছেষট্টি হাজার চারশত) টাকা গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো।

শর্তঃ

(ক) অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী (প্রযোজ্য ক্ষেত্রে) নিয়ে সংশ্লিষ্ট এনজিও কে জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট রিপোর্ট করতে হবে। প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরোর কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এর কপি আবশ্যিকভাবে শরণার্থী, ত্রাণ ও প্রত্যবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক কক্সবাজার, বরাবর দাখিল করতে হবে। জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে ও নির্দেশনামতে কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।

(খ) প্রকল্পভুক্ত কর্মীদের নামের তালিকা শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। এর অতিরিক্ত কোনো কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত করা যাবে না।

(গ) কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বেচ্ছাসেবকদেরকে এনজিও' কর্তৃপক্ষ কর্তৃক সরবারহকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।

(ঘ) শরণার্থী, ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তি স্বীকারপত্র ১৫ (পনের) দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।

(ঙ) কর্মসূচি বাস্তবায়নে ১৫ (পনের) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন, স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।

(চ) চিকিৎসা ও জরুরী সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোন এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবেনা।

(ছ) এনজিওদের কার্যক্রম মানবিক সহায়তার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।

(জ) সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা-কর্মচারী প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/প্রত্যাবাসন বিরোধী কর্মকান্ডে জড়িত হতে পারবে না।

(ঝ) প্রকল্প ব্যয়ের উপর জাতীয় রাজস্ব বোর্ডের নীতিমালা অনুযায়ী বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করে সরকারি কোষাগারে জমাদানের প্রমাণক দাখিল করতে হবে ।

(ঞ) জরুরী ত্রাণ প্রকল্পে কর্মী বা শ্রমিক নিয়োগের ক্ষেত্রে যথাসম্ভব বাংলাদেশী নাগরিকদের অগ্রাধিকার দিতে হবে। কোন অবস্থাতেই রোহিঙ্গা নাগরিকদের নিয়োগ করা যাবে না।

(ট) সংস্থার ব্যাংকের মাদার একাউন্টে এনজিও বিষয়ক ব্যুরোর অনুমোদিত অর্থ ব্যতীত অন্য কোন সংস্থার অর্থ কোন ভাবেই জমা রাখা যাবে না।

(ঠ) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে পরিবেশের জন্য ঝুঁকিপূর্ণ (যেমন-বৃক্ষনিধন/পুকুর/খালভরাট) কোনরুপ কাজ করা যাবে না।

(ড) প্রকল্পের তথ্য সংস্থার Website এ প্রকাশ করতে হবে।

(ঢ) ৮০% অর্থ ব্যয়ের অগ্রগতি প্রতিবদন এনজিও বিষয়ক ব্যুরোতে দাখিল এবং দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা করে কার্যক্রম সন্তোষজনক প্রতীয়মান হলে অবশিষ্ট ২০% অর্থ ছাড়ের বিষয় বিবেচ্য হবে।

০২। ছাড়কৃত অর্থ দাতা সংস্থা 'Rahman International Society-Kuwait'-এর নিকট হতে এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা, হিসাব নং-০১৫১৩১০০০৩১৬৯৯-(মাদার একাউন্ট)-এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে।

এস এম জামাল আহমেদ
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৩৯৮
ao3@ngoab.gov.bd

কান্ট্রি ডিরেক্টর
সোসাইটি ফর সোশ্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট (এসএসটিএস)
বাড়ি নং-২৪ (২য় তলা), সড়ক-১০, সেক্টর-৬
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
স্মারক নম্বর-০৩.০৭.২৬৬৬.৬৬৫.৬৮.০৩৯.২১-

তারিখঃ ০৩ অক্টোবর ২০২৪

সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা/ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
০২। মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্রগ্রাম।
০৪। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে প্রেরণ করে সংস্থাকে অনুলিপি দেয়ার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
০৬। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
০৭। উপ-পরিচালক (পওনি), এনজিও বিষয়ক ব্যুরো।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া, কক্সবাজার।
০৯। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (সংশ্লিষ্টদের নিকট ই-মেইলে প্রেরণসহ তথ্য Website এ প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
১০। ম্যানেজার, এক্সিম ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা [তাঁকে ছাড়কৃত=৭,৭৭,৬৬,৪০০/-(সাত কোটি সাতাত্তর লক্ষ ছেষট্টি হাজার চারশত) টাকা সংস্থাকে প্রদান করার জন্য অনুরোধ করা হলো]।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। পরিচালক মহোদয়ের (প্র-১) ব্যক্তিগত সহকারী, এনজিও বিষয়ক ব্যুরো (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। অফিস কপি/ মাস্টার কপি।

এস এম জামাল আহমেদ
এসাইনমেন্ট অফিসার

ফরম এফ ডি-৭

দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী জরুরী ত্রাণ সহায়তা/প্রকল্প প্রস্তাব ফরম

বলপূর্বক বাস্তচ্যুত মিয়ানমার নাগরিকদের দুর্ভোগ লাঘভের জন্য জরুরী ত্রাণ কার্যক্রম (কক্সবাজারস্থ ক্যাম্পে)।

১. এনজিওর নাম ঠিকানা নিবন্ধন নম্বর ও তারিখ ঃ সোসাইটি ফর সোস্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট -এসএসটিএস
ঃ বাড়ী নং # ২৪,(২য় তলা), রোড # ০৮, সেক্টর # ৬
উত্তরা মডেল টাউন, উত্তরা, ঢাকা-১২৩০।
ফোনঃ ৫৮৯৫৫৩৩৮,৫৮৯৫৫৩০১
ইমেইলঃ sstsbangladeshgmail.com
ঃ ৭৬০, তারিখঃ ২৫/১০/১৯৯৩ইং

২. প্রস্তাবিত প্রকল্পের নাম ঃ **Bridge to Hope.**

৩. বিতরণের জন্য প্রস্তাবিত ত্রাণ সামগ্রীর বিবরণ (আনুমানিক মূল্য সহ):

নং	জেলা	উপজেলা	দ্রব্যাদির বর্ণনা	পরিমাণ	একক মূল্য	মোট টাকার পরিমাণ	উপকারভোগীর সংখ্যা	মন্তব্য
০১	কক্সবাজার	উখিয়া	আরআরআরসি নির্দেশনা অনুযায়ী (নকশা) বর্ষা মৌসুমকে সামনে রেখে ত্রিপল,কাঠ, বাঁশ, বাঁশের বেড়া ও Heat Resistance Insulation Sheet দিয়ে নতুন ঘর নির্মান (১২ফুট বাই ১৮ফুট আয়তনের)	৭৫০টি	৭০,০০০/-	৫২,৫০০,০০০/-	৭৫০ পরিবার	
০২	কক্সবাজার	উখিয়া	ক্যাম্পে এসএসটিএস কর্তৃক নির্মিত প্রতিটি ঘরে সোলার প্যানেল সরবরাহ । সোলার প্যানেল ৬০ ওয়াট বাল্ব সহ আনুষাঙ্গিক সরঞ্জাম ও সুইচ সকেট ইত্যাদি।	৭৫০টি	১০,৫০০/-	৭,৮৭৫,০০০/-	৭৫০ জন	
০৩	কক্সবাজার	উখিয়া	ক্যাম্পের বিভিন্ন পয়েন্টে উপকারভোগীদের সুবিধার্থে প্রশাসন/ ক্যাম্প ইনচার্জদের নির্দেশিত স্থানে কুরবানী বাস্তবায়ন ও মাংস বিতরন । গরু ক্রয় ও আনুষাঙ্গিক চাটাই/ পলিথিন সহ কুরবানীর দিন অন্যান্য খরচ। কসাই,সাপোর্ট লেবার ও বর্জ্য অপসারন ব্যয়। (ক্যাম্পের বিভিন্ন স্থানে)	১৫০টি	৮৫,০০০/-	১,২৭,৫০,০০০/-	১১,০০০ পরিবার	
০৪	কক্সবাজার	উখিয়া	আরআরআরসি নির্দেশনা অনুযায়ী খাদ্য বিতরন ৫০০০ ব্যাগ (পাঁচহাজার পরিবারের মধ্যে) প্রতিব্যাগে (সাবান ৫টি, সয়াবিন তৈল ২লিটার, ছোলা ২ কেজি, খেজুর ২কেজি, মশুরেরডাল২কেজি,লবন২কেজি,চিনি ২কেজি	৫০০০ কার্টুন	২,৬০০/-	১,৩০,০০,০০০/-	৩০,০০০ জন অথবা ৫০০০ পরিবার	
০৫	কক্সবাজার	উখিয়া	বাচ্চাদের পোষাক হিসেবে থ্রি কোয়ার্টার পাঞ্জাবী, পায়জামা,স্কাট,প্যান্ট, টিশার্ট ও গেঞ্জি বিতরন/ ঈদ ড্রেস/ স্কুল ড্রেস/ মহিলাদের পোষাক হিসেবে হিজাব, বোরকা, ওড়না বিতরন	৩০০০ পিস	১,৯০০/-	৫,৭০০,০০০/-	৩০০০ ছাত্র/ছাত্রী	
০৬	কক্সবাজার	উখিয়া	ডেঙ্গু প্রতিরোধে ক্যাম্পের উপকারভোগীদের সুবিধার্থে প্রশাসন/ ক্যাম্প ইনচার্জদের নির্দেশিত পরিবারকে মশারী প্রদান।	২০০০ পিস	৭০০/-	১,৪০০,০০০/-	২০০০ পরিবার	
	প্রাক মোট					৯৩,২২৫,০০০/-		
			প্রশাসনিক ব্যয়					
			ফিল্ড ফেসিলেটর,ফিল্ড সুপারভাইজার,ভলান্টিয়ার সম্মানী			২,০২৫,০০০		
			ব্যানার, রিপোর্টিং,প্রশাসনিক ব্যয়,স্টেশনারী ইত্যাদি			৮,১৮,০০০		
			মনিটরিং ও যাতায়াত এবং পরিবহন ব্যয়			৮৪০,০০০		
			অডিট ফি ,ভ্যাট ও আইটি সহ			৩০০,০০০		
	প্রাক মোট					৩৯,৮৩,০০০/-		
	সর্বমোট					৯৭,২০৮,০০০/-		
	কথায়ঃ নয় কোটি বাহাত্তর লক্ষ আটা হাজার টাকা							

মোঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

ড. সাঈদ সাবরী রাগব আলী
কান্ট্রি ডিরেক্টর

এস এম জামাল আহমেদ
এসাইনমেন্ট অফিসার

৩. অর্থ বা ত্রাণ-সামগ্রীর উৎস ঃ

ক. দাতা সংস্থার প্রতিশ্রুতি পত্র ঃ

১. দাতা সংস্থার বিবরণ ঃ

২. প্রধান নির্বাহী কর্মকর্তা/দাতার নাম ঃ Mr. J.E.J.Al Qassar. Regional Director.

৩ দাতা সংস্থার নাম ঃ RAHMA INTERNATIONAL SOCIETY -KUWAIT

৪. যোগাযোগের ঠিকানা ঃ RAHMA INTERNATIONAL SOCIETY.
হাওয়ালী সেক্টর # ৩, কায়রো স্ট্রীট,সানাবেল কমপ্লেক্স, ফ্রন্ট অব শিহাব সেক্টর, ৮ম তলা, পোঃ বক্সঃ ৬৬৭২৩,পো.কোডঃ ৪৩৭৫৮, কুয়েত।

৫. টেলিফোন ঃ 0096 52 26 75 600

৬. ইমেইল এবং ওয়েব সাইট ঃ www.khaironline.net / **aas95kw@gmail.com**

খ. চলমান অন্য কোন প্রকল্পের অর্থ দ্বারা প্রস্তাবিত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রেঃ

১. চলমান প্রকল্পের নাম এবং মোট ব্যয় ঃ প্রযোজ্য নহে।

২. ব্যুরোর অনুমোদনের তারিখ (অনুমোদন পত্র সংযুক্ত করুন) ঃ

৩. মূল প্রকল্পের শতকরা কতভাগ এই প্রকল্পে ব্যয় করা হবে ঃ

৪. চলমান প্রকল্পের উপর কোন বিরূপ প্রভাব ফেলবে কি না ঃ

৫. দাতা সংস্থার প্রতিশ্রুতি পত্র (কপি সংযুক্ত করতে হবে) ঃ সংযুক্ত করা হয়েছে

৪. প্রকল্প এলাকাঃ

ক্রমিক নং	জেলা/সিটি কর্পোরেশন	উপজেলা/থানা/পৌরসভা	ইউনিয়ন/ওয়ার্ড	বরাদ্দকৃত বাজেট	উপকারভোগীর সংখ্যা
১	২	৩	৮	৪	৬
	কক্সবাজার	উখিয়া	কুতুপালং (আরআরআরসি নির্দেশনা অনুযায়ী) (camp 3, camp 4, camp 6,camp 18)	৯,১৩,২৫,০০০/-	১০৭,৫০০ জন

টীকা স্থানীয় কর্তৃপক্ষ/ জেলা প্রশাসক সুষ্ঠু সমন্বয় ও সুষমবন্টনের স্বার্থে প্রকল্প এলাকা পরিবর্তন করার ক্ষমতা রাখে।

৫. ত্রাণ কার্যক্রম কিভাবে বাস্তবায়িত হবে তার বিবরণ দিতে হবে। (এটি সুস্পষ্ট করুন যাহাতে কর্তৃপক্ষের জন্যে তদারকি/পরিবীক্ষণ সহজ হয়)।

- জেলা প্রশাসন, কক্সবাজার এর নির্দেশনা অনুযায়ী ক্ষতিগ্রস্থ বলপূর্বক বিতাড়িত মিয়ানমান নাগরিকদের মধ্যে রিলিফ কার্ড বিতরনের মাধ্যমে আরআরআরসি নির্ধারীত ক্যাম্পে ইউএনও/ক্যাম্প ইনচার্জ উপস্থিতিতে রিলিফ বিতরন কার্যক্রম পরিচালনা পরিকল্পনা করা হয়েছে ।মোট কার্যক্রম এর ২৫% হোষ্ট কমিউনিটির জন্যে বরাদ্দ/অর্ন্তভূক্ত করা হবে

৬.

কার্যক্রমের মেয়াদকালঃ

ক. আরম্ভ করার তারিখঃ ০১.১০.২০২৪

খ. সমাপ্ত করার তারিখঃ ৩০.০৯.২০২৫

০৩/১০/২০২৪
মোঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

এস এম জামাল আহমেদ
এসাইনমেন্ট অফিসার

ড. সাঈদ সাবরী রাগব আলী
কান্ট্রি ডিরেক্টর

৭. প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্য (ভবিষ্যৎ পরিকল্পনাসহ যদি থাকে):

৮. বৈদেশিক অনুদান সংক্রান্ত অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদিঃ

১.	ব্যাংকের হিসাবের নাম	ঃ	**সোসাইটি ফর সোস্যাল এন্ড টেকনোলজিক্যাল সাপোর্ট - (এস এস টি এস)**
২.	ব্যাংক হিসাবের নম্বর	ঃ	০১৫১৩১০০০৩১৬৯৯
৩.	ব্যাংকের ঠিকানা	ঃ	এক্সিম ব্যাংক লিমিটেড। উত্তরা শাখা। বাড়ী নং # ১১৩/বি, (সী শেল টাওয়ার), রোড # ৭, সেক্টর # ৪, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০। ফোনঃ০২ ৫৮৯৫৫৭৮৫

ঘোষণা

আমি এই মর্মে ঘোষণা করছি যে আমাদের দ্বারা সরবরাহকৃত উপরোক্ত বিবরণ সত্য এবং সঠিক। আমি/আমরা স্থানীয় প্রশাসনকে ত্রাণ কার্যক্রম এবং কর্মএলাকা সম্পর্কে অবহিত করে এবং স্থানীয় প্রশাসনের সাথে কার্যক্রম সমন্বয় করে কার্যক্রমের দ্বৈততা পরিহার করব। সংলগ্নী - ক ফরম ব্যবহার করে কার্যক্রমের সাপ্তাহিক অগ্রগতি প্রতিবেদন সরবরাহ করব। আমি/আমরা কার্যক্রম সম্পন্ন হওয়ার ২ মাসের মধ্যে অডিট প্রতিবেদন এবং কার্যক্রম সম্পন্ন প্রতিবেদন সংশ্লিষ্ট সকলকে অবহিত করব মর্মে ঘোষণা করছি।

নামঃ ড.সাইদ সাবরী রাগব আলী
স্বাক্ষর

কান্ট্রি ডিরেক্টর
তারিখঃ ২২/০৯/২০২৪ ইং

২২/০৯/২০২৪
মাঃ মোশারেফ হোসেন
অফিস সহকারী

২২/০৯/২৪
এস এম জামাল আহমেদ
এসাইনমেন্ট অফিসার